

ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

ডিসিএমপিএস সার্কুলার নং — ০৮/২০১০

তারিখ : ১৯ আগস্ট, ২০১০
৪ ভাদ্র, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACPS) এর
Live Day Simulation (LDS) প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ৪ আগস্ট ২০১০ তারিখে অনুষ্ঠিত LDS-এর ধারাবাহিকতায় আগামী ২৬ আগস্ট ও ১ সেপ্টেম্বর ২০১০ তারিখে পূর্ণাঙ্গ নিকাশ (High Value ও Regular Value) এবং ২৯,৩০ ও ৩১ আগস্ট শুধুমাত্র High Value নিকাশের পরবর্তী LDS এর দিন ধার্য করা হয়েছে। উল্লেখ্য যে, ২৬ আগস্ট ও ১ সেপ্টেম্বর তারিখে বর্তমানের ঢাকা ক্লিয়ারিং হাউস সম্পূর্ণ বন্ধ থাকবে এবং ২৯,৩০ ও ৩১ তারিখে ঢাকা ক্লিয়ারিং হাউসে কেবলমাত্র Regular Value ইন্সট্রুমেন্ট সমূহের নিকাশ চালু থাকবে। LDS-এ অংশগ্রহণের জন্য আপনাদেরকে নিম্নলিখিত পদক্ষেপসমূহ অনুসরণের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে :

১. High Value এবং Regular Value উভয় ধরনের নিকাশে উপস্থাপিতব্য ইন্সট্রুমেন্টসমূহ ঢাকা ক্লিয়ারিং হাউসের আওতাভুক্ত শাখা সমূহের উপর Payable হতে হবে।
২. High Value এবং Regular Value উভয় ধরনের নিকাশে উপস্থাপিতব্য সকল ইন্সট্রুমেন্ট BACPS নির্ধারিত সময়সূচী অনুযায়ী উপস্থাপন এবং সময়মত Unpaid Return সমূহ পাঠাতে হবে।
৩. উক্ত LDS-এ কোন Non-MICR ইন্সট্রুমেন্ট উপস্থাপন করা যাবে না।
৪. কোন ইন্সট্রুমেন্ট Image Quality Assurance (IQA) সফল না হলে তা ঐ দিন নিকাশ হয়নি বলে ধরে নেয়া হবে এবং তা পরবর্তী কার্যদিবসে নিকাশের নিমিত্তে ম্যানুয়াল ক্লিয়ারিংয়ে উপস্থাপন করা যাবে।
৫. যে সকল ইন্সট্রুমেন্ট LDS-এ Settlement করা হবে সেগুলো পরবর্তী কার্যদিবসে তালিকা সমেত Paying Bank-কে ফেরত দিতে হবে।
৬. LDS-এ অংশগ্রহণকারী ব্যাংকসমূহের প্রেরিত এবং প্রাপ্ত ইন্সট্রুমেন্ট ও টাকার অংকের সাথে ক্লিয়ারিং হাউস কর্তৃক প্রেরিত রিপোর্ট সমূহের কোন ধরনের অসঙ্গতি দেখা গেলে তাৎক্ষণিকভাবে তা অত্র বিভাগকে অবহিত করতে হবে।

বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউসের সফল বাস্তবায়নের পূর্বপ্রস্তুতি হিসাবে উপরোক্ত তারিখসমূহে Live Day Simulation-এ আপনার ব্যাংকের সফল অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

অনুগ্রহ পূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(জিন্নাতুল বাকেয়া)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১২০৩৭২